

মতলব উত্তরে ৫টি সেতু-কালভার্ট উদ্বোধনকালে ত্রাণ মন্ত্রী মায়া চৌধুরী
প্রত্যেক ইউনিয়নে কমপক্ষে ২টি করে নতুন ব্রিজ-কালভার্ট

মতলব উত্তর (চাঁদপুর), ৩ মার্চ ২০১৮

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রী মোফাজ্জল হোসেন চৌধুরী মায়া বীরবিক্রম এমপি বলেছেন, প্রত্যেক ইউনিয়নে কমপক্ষে ২টি করে নতুন ব্রিজ-কালভার্ট নির্মাণে প্রধানমন্ত্রী শেখ হাসিনার অঙ্গীকার বাস্তবায়ন করা হচ্ছে। আগামী ডিসেম্বরের মধ্যে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের মাধ্যমে ১৩ হাজার নতুন ব্রিজ-কালভার্ট নির্মাণ করা হবে।

মন্ত্রী শনিবার বিকেলে (৩ মার্চ) চাঁদপুরের মতলব উত্তর উপজেলার ৫টি সেতু ও কালভার্ট উদ্বোধনকালে এ কথা বলেন। এ সময় মতলব উত্তর উপজেলা পরিষদের চেয়ারম্যান মনজুর আহমদ, উপজেলা আ'লীগের সাধারণ সম্পাদক এমএ কুদ্দুস, ছেংগারচর পৌরসভার মেয়র আলহাজব রফিকুল আলম জজ, চাঁদপুর জেলা পরিষদের প্যানেল চেয়ারম্যান এইচএম জাহাঙ্গীর আলম, উপজেলা আ'লীগের সাংগঠনিক সম্পাদক মো. শাহজাহান প্রধান, উপজেলা মুক্তিযোদ্ধা সংসদের সাবেক কমান্ডার মোজাম্মেল হক ও স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।



দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের 'গ্রামীণ রাস্তায় কম-বেশি ১৫ মিটার দৈর্ঘ্যের সেতু/কালভার্ট নির্মাণ' শীর্ষক প্রকল্পের অধীনে চাঁদপুরের মতলব উত্তর শনিবার বিকেলে চাঁদপুরের মতলব উত্তর উপজেলার ৫টি সেতু ও কালভার্ট উদ্বোধন করেন, ত্রাণ মন্ত্রী মোফাজ্জল হোসেন চৌধুরী মায়া বীর বিক্রম এমপি।

ত্রাণ মন্ত্রী বলেন, বিএনপি সরকারের শাসনামলে দেশে কোনো উন্নয়ন হয়নি। শেখ হাসিনার সরকার ক্ষমতায় এসে মাত্র নয় বছরে দেশে ব্যাপক উন্নয়ন করেছে এবং করছে। তিনি বলেন, বর্তমান সরকার যোগাযোগ ব্যবস্থার উন্নয়ন করতে ব্যাপক প্রকল্প হাতে নিয়েছে। বর্তমান প্রধানমন্ত্রী শেখ হাসিনা উন্নয়নের জন্য বিশেষ রোল মডেল হিসেবে বিবেচিত হয়েছেন। আওয়ামী লীগের শাসন মানেই বাংলাদেশের উন্নয়ন বলে মন্ত্রী মন্তব্য করেন।

চলমান রাজনৈতিক পরিস্থিতি সম্পর্কে মন্ত্রী বলেন, বিএনপি-জামায়াত জোট সোনার বাংলা জঞ্জি বাংলা বানাতে চাচ্ছে। তারা নৈরাজ্য সৃষ্টি, সন্ত্রাসবাদ, জঞ্জিবাদ ও গুপ্ত হত্যার মধ্যে দিয়ে দেশকে অস্থিতিশীল করার পায়তারা করছে। তাদের চেষ্টা সফল হবেনা। জনগণ আজ শেখ হাসিনার নেতৃত্বে ঐক্যবদ্ধ।

ত্রাণ মন্ত্রী মায়া চৌধুরী শনিবার দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের 'গ্রামীণ রাসত্মায় কম-বেশি ১৫ মিটার দৈর্ঘ্যের সেতু/কালভার্ট নির্মাণ' শীর্ষক প্রকল্পের অধীনে চাঁদপুরের মতলব উত্তর উপজেলার চরমাছুয়া কমিউনিটি ক্লিনিকের সামনে ওয়াপদা খালের উপর সেতু, মোহাম্মদপুর শহীদুল আলম রব কমান্ডারের বাড়ির সামনে খালের উপর সেতু, কেশাইর কান্দি পাকা রাস্তার পাশে খালের উপর সেতু, মাথাভাঙ্গা খানবাড়ির সামনে খালের উপর সেতু ও হানিরপাড় দিদার মোল্লার বাড়ির পাশের খালের উপর সেতু উদ্বোধন করেন।

(মোহাম্মদ ওমর ফারুক দেওয়ান)

সিনিয়র তথ্য কর্মকর্তা

০১৯৪৩৪৪৬৩২৩